

ইকফাই বিশ্ববিদ্যালয়, ত্রিপুরা
কামালঘাট, মোহনপুর, পশ্চিম ত্রিপুরা-৭৯৯২ ১০

সেহা নং-আইইউ-ত্রিপুরা/ ১ (৮)/২০ ১৫- ১৬/ডি-০০৯৩

তারিখঃ ১৩ই মে ২০ ১৫ ঈ

প্রেস বিবৃতি

**ইকফাই বিশ্ববিদ্যালয়ে
কর্মসংস্থানমুখী কর্মশালা**

আগরতলা, ১৩ই মেঃ

ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার উদ্যোগে বুধবার কামালঘাটস্থিত ক্যাম্পাসে ‘ইন্টার্নশীপ ওরিয়েন্টেশন প্রোগ্রাম’ সংক্রান্ত এক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন মুখ্য ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেডের ডিরেক্টর সঞ্জয় সিং।

ইন্টার্নশীপ কর্মসূচীতে যোগদানকারী বি-টেক এবং বিসিএ পড়ুয়াদের সাফল্য কামনা করে তিনি বলেন, প্রাপ্ত শিক্ষার ব্যবহারিক প্রয়োগ, ব্যক্তিগত দক্ষতা ও স্থির লক্ষ্যে আকর্ষণীয় কর্মসংস্থানের দ্বার খুলে দেয়। সিং জানান, নির্ধারিত সময়ের এই কর্মসূচীর মাধ্যমেই পড়ুয়ারা সরকারী, আধা-সরকারী ও বে-সরকারী ক্ষেত্রে ন্যস্ত দায়িত্ব নিতে ও দলবদ্ধভাবে কাজ করতে শেখে।

প্রসঙ্গতঃ উচ্চশিক্ষায় কর্মসংস্থানমুখী আদান-প্রদান কর্মসূচীর সাফল্য এখনকার সময়ে ভাল চাকুরী পাওয়ার অন্যতম মাপকাঠি। ম্যানেজমেন্ট হোক কিংবা কারিগরি শিক্ষা, সর্বক্ষেত্রেই তা গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। কর্মশালার শুরুতে সঞ্জয় সিং-কে বিশ্ববিদ্যালয়ের তরফে পুস্পত্বক ও স্মারক উপহার দিয়ে সংবর্ধনা জানানো হয়।

সানুগ্রহ প্রকাশার্থে

প্রতি,
মাননীয় সম্পাদক/বার্তা সম্পাদক,
দৈনিক সংবাদ/ ডেইলী দেশের কথা/স্যন্দেশ পত্রিকা/ আজকের ফরিয়াদ/আজকাল ত্রিপুরা/মানুষ পত্রিকা/প্রতিবাদী কলম।